নতুন আগত পিতামাতাদের জন্য স্কুলের নীতি নির্দেশনা

এই বুকলেটটি আপনাকে স্কুলের নীতিমালার বিষয়বস্তু সম্পর্কে কিছুটা ধারণা দেবে।

আপনি আপনার নিজস্ব ভাষায় বুকলেটটির একটি অনুলিপি চাইতে পারেন।

বুকলেটটি নিম্নলিখিত ভাষাগুলোতে পাওয়া যায়:

আরবি, বাংলা, বুলগেরিয়ান, ক্যান্টোনিজ, ফিলিপিনো, জার্মান, হিন্দি, হাঙ্গেরিয়ান, লাটভিয়ান, লিথুয়ানিয়ান, মালয়ালাম, ম্যান্ডারিন, পোলিশ, পর্তুগিজ, পাঞ্জাবি, রোমানিয়ান, রাশিয়ান, স্লোভাক, স্প্যানিশ, উর্দু।

Bengali - Guidance about school policies

Education Authority

বুলিং বিরোধী নীতি

সংজ্ঞা

বুলিং হল বারংবার করা এক ধরণের আচরণ যা কোন একজন মানুষ বা তাদের পরিবারকে শারীরিক বা মানসিকভাবে কষ্ট দেয়।

বুলিং বিভিন্ন রকমের হয় এবং এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- শারীরিক নির্যাতন
- জিনিসপত্রের ক্ষতিসাধন করা
- উত্যক্ত করা
- হুমকি দেয়া
- অপমানজনক নামে ডাকা
- কাউকে বাদ রাখা বা আলাদা করে দেয়া
- সাইবার বুলিং – মোবাইল ফোন বা অনলাইনের মাধ্যমে

উদ্দেশ্য

বুলিং বিরোধী নীতির উদ্দেশ্য হল স্কুলের ভেতরে এমন একটি ধারা তৈরি করা যা বুলিং-কে অগ্রহণযোগ্য করে তোলে। স্কুল কর্তৃক পারস্পরিক শ্রদ্ধার একটি পরিবেশ তৈরি করা উচিৎ, এবং, যেখানেই বুলিং-এর ঘটনা ঘটে থাকুক, সেটি অবিলম্বে এবং কার্যকরভাবে সুরাহা করা উচিত।

উপস্থিতির নীতি

সংজ্ঞা

উপস্থিতির নিয়মকানুন অনুসারে আইনত একজন শিক্ষার্থীকে বছরে কমপক্ষে 190 দিন স্কুলে উপস্থিত থাকতে হবে।

উদ্দেশ্য

উপস্থিতির নীতির উদ্দেশ্য হল পর্যাপ্ত উপস্থিতি এবং সময়ানুবর্তিতার দৃষ্টান্তকে উৎসাহিত করা যা পরে কর্মক্ষেত্রেও অব্যাহত থাকবে। অপর্যাপ্ত উপস্থিতি একজন শিক্ষার্থীর কর্মদক্ষতার উপর গুরুতর প্রভাব ফেলতে পারে।

অনুপস্থিতির কারণ অনুসন্ধান ও চিহ্নিত করে এবং সেই অনুযায়ী অধিক উপস্থিতিকে উৎসাহিত করতে সম্পূর্ণ-স্কুল কৌশলের পরিকল্পনা ও বাস্তবায়ন করার মাধ্যমে শিক্ষার্থীদের সামগ্রিক উপস্থিতির হার বৃদ্ধি করাই স্কুলগুলোর লক্ষ্য।

চাইল্ড প্রোটেকশন পলিসি

সংজ্ঞা

শিশু ও কিশোরদের বিভিন্ন রকম নির্যাতন যেমন, দুর্ব্যবহার বা অবহেলা, যা থেকে শারীরিক, যৌন বা মানসিক আঘাত বা ক্ষতি সাধিত হতে পারে এমন কিছু থেকে রক্ষা করাই হল শিশু সুরক্ষা।

উদ্দেশ্য

শিশু সুরক্ষা নীতির লক্ষ্য হল স্কুলগুলোকে এমন একটি নীতিমালা সরবরাহ করা যেখানে কোন শিক্ষার্থীর উপর নির্যাতন বা অবহেলা হচ্ছে সন্দেহ করা হলে সে সম্পর্কে নেয়া প্রয়োজনীয় পদক্ষেপগুলোর উল্লেখ থাকবে। সবসময় শিক্ষার্থীর মঙ্গলই সর্বোচ্চ অগ্রাধিকার পাবে।

আচরণ ব্যবস্থাপনা নীতি

সংজ্ঞা

আচরণ ব্যবস্থাপনা হল শিক্ষার্থীদের মধ্যে আত্ম-নিয়ন্ত্রণ এবং নিজ নিজ আচরণ ও কাজের ব্যাপারে দায়িত্ব গ্রহণের বোধসম্পন্নতা তৈরি করা। কার্যকরী শিক্ষাদান ও শিক্ষাগ্রহণের জন্য এটি অপরিহার্য। ইতিবাচক আচরণ ও মনোভাবকে উৎসাহিত করা ও প্রশংসা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আচরণ ব্যবস্থাপনার দায়িত্ব স্কুল কমিউনিটির সদস্য, স্টাফ, শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলের।

উদ্দেশ্য

আচরণ ব্যবস্থাপনা নীতির উদ্দেশ্য হল আত্ম-নিয়ন্ত্রণ, আত্ম-সচেতনতা, আত্মনির্ভরতা ও দায়িত্ববোধের প্রতিপালন করা। এটি স্কুল কমিউনিটির সকল সদস্যদের মধ্যে সুসম্পর্ককে উৎসাহিত করে যাতে কার্যকরীভাবে শিক্ষা অর্জন হতে পারে।

নেশা ও মাদকদ্রব্যের অপব্যবহার নীতি

সংজ্ঞা

নেশা ও মাদকদ্রব্যের অপব্যবহার বিষয়ক শিক্ষা হল মানসিক, শারীরিক ও সামাজিক স্বাস্থ্যের উপর নেশাজাতীয় ও অন্যান্য মাদকদ্রব্যের প্রভাবের ব্যাপারে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধি করা।

উদ্দেশ্য

নেশা ও মাদকদ্রব্যের অপব্যবহার নীতির উদ্দেশ্য হলো নেশাজাতীয় ও অন্যান্য ক্ষতিকর মাদকদ্রব্য এবং এসবের অপব্যবহারে স্বাস্থ্যের উপর ঝুঁকির ব্যাপারে শিক্ষার্থীদের সঠিক তথ্য সরবরাহ করা। সমাজে মাদকদ্রব্য ব্যবহারের চর্চা প্রত্যাখ্যান করায় শিক্ষার্থীদের সক্ষমতা বৃদ্ধি করা এবং কোথায় এই বিষয়ক সাহায্য ও সহযোগিতা পাওয়া যাবে সে ব্যাপারে তাদের জানানোও এর লক্ষ্য।

স্বাস্থ্য বিষয়ক শিক্ষা নীতি

সংজ্ঞা

স্বাস্থ্য বিষয়ক শিক্ষার লক্ষ্য হল সুস্থ জীবনচর্চার বিষয়ে শিক্ষার্থীদের বিচারবুদ্ধি ও মূল্যায়নের উন্নতি ঘটানোর মাধ্যমে স্কুলের বাইরের জীবনের জন্য তাদের তৈরি করা। স্বাস্থ্য বিষয়ক শিক্ষার মধ্যে বয়সের সাথে মানানসই বিস্তৃত পরিসরের বিভিন্ন বিষয় থাকবে এবং মাদকদ্রব্য সম্পর্কে সচেতনতাসহ (যেমন, মদ বা তামাক), খাদ্যগ্রহণ বিষয়ক অসুস্থতা ও যৌনতামূলক আচরণও অন্তর্ভুক্ত থাকতে পারে।

উদ্দেশ্য

স্বাস্থ্য বিষয়ক শিক্ষা নীতির উদ্দেশ্য হল শিক্ষার্থীদের জেনে বুঝে সিদ্ধান্ত নেয়া এবং নিজ স্বাস্থ্য ও অন্যদের স্বাস্থ্যের বিষয়েও দায়িত্ব গ্রহণে সক্ষম করার মাধ্যমে তাদের আত্ম-সম্মানবোধের উন্নয়ন ঘটানো।

আইসিটি নিরাপত্তা নীতি

সংজ্ঞা

আইসিটি-তে কম্পিউটার, ল্যাপটপ, আইপ্যাড, ক্যামেরা, ডিভিডি প্লেয়ার এবং মোবাইল ফোনের ব্যবহার অন্তর্ভুক্ত থাকতে পারে।

স্কুলে প্রায়শই ব্যবহৃত সুযোগ-সুবিধার মধ্যে ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব, ইমেইল, মাল্টিমিডিয়া, বার্তা প্রদান এবং ভয়েস কল/ভিডিও কল অন্তর্ভুক্ত আছে।

উদ্দেশ্য

ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলোজি (Information and Communication Technology) (আইসিটি - ICT) নিরাপত্তা নীতির উদ্দেশ্য হল অনুপযুক্ত বা ক্ষতিকর এমন কোন উপাদানের ব্যবহার এড়াতে, আইসিটি নিরাপদ, দায়িত্বপূর্ণ, নৈতিক, আইনসম্মত ও বোধসম্পন্ন উপায়ে ব্যবহৃত হচ্ছে তা নিশ্চিত করা।

পারস্পরিক সম্পর্ক ও যৌন শিক্ষা নীতি

সংজ্ঞা

রিলেশনশিপ অ্যান্ড সেক্সুয়ালিটি এডুকেশন (Relationships and Sexuality Education) (RSE- আরএসই)-এর লক্ষ্য হল জীবনের ব্যক্তিগত ও সামাজিক সম্পর্কের ব্যাপারে মনোভাব, বিশ্বাস ও মূল্যবোধ উন্নত করা। স্কুল ও কমিউনিটির নৈতিক ও সামাজিক পরিবেশের মধ্যে এটি হওয়া উচিৎ।

উদ্দেশ্য

পারস্পরিক সম্পর্ক ও যৌন শিক্ষা নীতির লক্ষ্য হল সকল শিশু ও কিশোরদের সামগ্রিক ব্যক্তিগত, সামাজিক ও নৈতিক উন্নয়ন সাধন করা। এটি আত্ম-সম্মানবোধ, নৈতিক দায়িত্ববোধ এবং পারস্পরিক

সম্পর্কের বিষয়ে জেনে বুঝে সিদ্ধান্ত নেওয়ার দক্ষতা উন্নীতকরণ সম্পর্কিত। আরএসই-এর প্রয়োগ পারস্পরিক বিশ্বাস, শ্রদ্ধা ও গোপনীয়তার পরিবেশে হওয়া উচিত।

ঔষধের নিরাপদ ব্যবহার নীতি

সংজ্ঞা

ঔষধের নিরাপদ-ব্যবহার হল, পিতামাতার নির্দেশাবলী অনুসারে শিক্ষার্থীদের জন্য ঔষধ নিরাপদে সংরক্ষিত এবং পরিচালিত হয় তা নিশ্চিত করা।

উদ্দেশ্য

ঔষধের নিরাপদ ব্যবহার নীতির উদ্দেশ্য হল সকল স্টাফ এবং পিতামাতারা স্কুলে শিক্ষার্থীদের জন্য ঔষধের ব্যবহারের পদ্ধতি সম্পর্কে সচেতন তা নিশ্চিত করা।

বিশেষ শিক্ষা: কোড অফ প্র্যাকটিসের বিভিন্ন স্তরসমূহ

সংজ্ঞা এবং উদ্দেশ্য

কোড অফ প্র্যাকটিস হল একটি পাঁচ-স্তর বিশিষ্ট পদ্ধতি যা বিশেষ চাহিদা আছে এমন একজন শিক্ষার্থীকে চিহ্নিত করতে এবং তাকে সহযোগিতা করতে ব্যবহৃত হয়। স্তর 1 ও 2 শিক্ষার্থীর স্কুলের মাধ্যমে পরিচালিত হয় এবং কী ঘটছে তা অভিভাবকদের অবহিত করা হতে থাকবে। 3 নম্বর স্তরে স্কুল বাহিরের সাহায্য চাইতে পারে, উদাহরণস্বরূপ, একজন এডুকেশনাল সাইকোলজিস্ট। 4 নম্বর স্তরে শিক্ষার্থীর চাহিদার মূল্যায়নের প্রয়োজন হতে পারে। 4 নম্বর স্তরে শিক্ষা কর্তৃপক্ষ (Education Authority)-এর স্পেশাল এডুকেশন সেকশন (Education Section of the Education) জড়িত হয়।

আপনি যদি এ বিষয়ে সচেতন থাকেন যে আপনার শিশুটির কোন বিশেষ শিক্ষাগত চাহিদা আছে, তাহলে আপনার উচিত এ বিষয়ে স্কুলকে অবগত করা যেন তারা প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা প্রদান করতে পারে।

যুক্তিসঙ্গত বল প্রয়োগ/ নিরাপদ পরিচালনা নীতি

সংজ্ঞা

যুক্তিসঙ্গত বল ও নিরাপদ পরিচালনা হল সম্পূর্ণ স্কুল কমিউনিটির জন্য (শিক্ষার্থী ও স্টাফ) একটি নিরাপদ ও নিশ্চিন্ত পরিবেশ প্রদান করা এবং যথাযথ আচরণকে উৎসাহিত ও বজায় রাখা সম্পর্কিত।

“যুক্তিসঙ্গত বল” হল সর্বনিম্ন প্রয়োজনীয় শক্তি প্রয়োগ যার মাধ্যমে একজন শিক্ষার্থীকে শারীরিকভাবে নিজেকে বা অপরকে বা গুরুতরভাবে কোন সম্পত্তির ক্ষতি করা থেকে প্রতিহত করা যায়। যুক্তিসঙ্গত বল এমনভাবে প্রয়োগ করতে হবে যেন সংশ্লিষ্ট সকল পক্ষের মর্যাদা অক্ষুণ্ন রেখে পরিস্থিতি সামলে নেয়া যায় এবং শিক্ষার্থীকে শান্ত করা যায়।

উদ্দেশ্য

যুক্তিসঙ্গত বল প্রয়োগ এবং নিরাপদ পরিচালনা নীতির উদ্দেশ্য হল একটি শিক্ষণীয় পরিবেশ তৈরি করা যেখানে কিশোর এবং প্রাপ্তবয়স্করা নিরাপদ এবং যেকোন ক্ষতি থেকে সুরক্ষিত বোধ করেন। এর উদ্দেশ্য হল শিক্ষার্থীদের উপর যে কোন ধরণের অপ্রয়োজনীয়, অনুপযুক্ত, অত্যধিক বা ক্ষতিকর শারীরিক হস্তক্ষেপ থেকে তাদের সুরক্ষা নিশ্চিত করা। এ নীতির মাধ্যমে স্টাফদের, যেসব পরিস্থিতিতে তারা শিক্ষার্থীদের নিয়ন্ত্রণ করতে যুক্তিসঙ্গত বল প্রয়োগ করতে পারে এবং কীভাবে এধরনের শক্তি প্রয়োগ করা যায় সে সম্পর্কে অবহিত করতে হবে।

ডিপার্টমেন্ট অফ এডুকেশন-এর ওয়েবসাইটে অভিভাবকদের জন্য অন্যান্য কাগজপত্র পাওয়া যাবে।

শিক্ষা ক্ষেত্রে শিশু সুরক্ষা লিফলেট
https://www.education-ni.gov.uk/publications/child-protection-education

স্কুলে মার্জিত আচরণ লিফলেট
https://www.education-ni.gov.uk/publications/good-behaviour-school-leaflet-parents